"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ,সিলেট

**অক্টোবর / ২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩১ তম সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব ইকবাল আহমদ চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।
সভার তারিখ ও সময় ঃ ১৩ অক্টোবর ২০২১ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব ইকবাল আহমদ চৌধুরী উপস্থিত সকলকে স্বাগত জানান । সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন । সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান । বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় । | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ ন্যাস্তকৃত বিভাগসমূহের কার্যাবলী ঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ৩০ তম সাধারন সভায় অনুমতি গ্রহন সাপেক্ষে ইতোমধ্যে গোলাপগঞ্জ উপজেলা পরিষদের জন্য একটি খসড়া Digital Master Plan প্রনয়ন করা হয়েছে এবং প্রস্তুতকৃত কোম্পানি Volumetric Designers. House-07, Road-10, Nikunja-2, Dhaka-1229 অদ্য উক্ত Master Plan টি পরিষদে Power Point Projector এর মাধ্যমে উপস্থাপন করেছেন । পরিষদের সকল সদস্য প্রস্তুতকৃত Master Plan টি অবলোকন করেছেন । সকলেই এহেন মহতি উদ্যোগকে স্বাগত জানিয়েছেন এবং প্রতিটি বিষয়ে একে একে অবলোকন ও আলোচনা সাপেক্ষে নিরাপত্তা জোন, মুক্তিযোদ্ধা কর্ণার ও শহীদ মিনারের জন্য বরাদ্দকৃত স্থানের অধিকতর প্রশস্থতা প্রদানের পক্ষে মতামত দিয়ে পুরো পরিকল্পনাকে যুগোপযোগী বলে মন্তব্য প্রদান করেছেন । সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অতি সত্বর দেয় পরামর্শ অনুযায়ী ফাইনাল Digital Master Plan With Print কপি পরিষদের নিকট হস্থান্তর করবেন মর্মে আশা প্রকাশ করেন । এ লক্ষ্যে কোম্পানীর সহিত ২.৫ লক্ষ টাকার খসড়া সমঝোতা চুক্তি সম্পন্ন হয়েছে । পরিষদ উক্ত পরিমাণ টাকা অনুমোদন প্রদান করলে কোম্পানীকে অর্থ পরিশোধ করা পিপি আর নীতিমালা অনুযায়ী সম্ভবপর হবে ।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, গোলাপগঞ্জ উপজেলায় সম্প্রতি সংঘবদ্ধ ডাকাত চক্রের তৎপরতা বৃদ্ধি পেয়েছে । উপজেলা পরিষদ এলাকায় বিভিন্ন দপ্তরের নিরাপত্তা সহ আবাসিক এলাকার নিরাপত্তার স্বার্থে পুরো পরিষদ চত্বরে নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে C.C ক্যামেরা প্রয়োজন অনুযায়ী বৃদ্ধি করা যেতে পারে; সেখানে আনুমানিক ৩(তিন) লক্ষ টাকা ব্যয় হবে । এছাড়াও মাসিক সাধারণ সভার জন্য নির্ধারিত কনফারেন্স রুম সুন্দর ও মনোরম পরিবেশে আধুনিকায়ন | উপজেলা পরিষদ Digital Master Plan প্রনয়নের জন্য ২.৫ লক্ষ টাকা, ক্যাম্পাসের নিরাপত্তার স্বার্থে C.C ক্যামেরা স্থাপন বাবদ ৩.০০ লক্ষ টাকা, সুষ্টভাবে মাসিক সাধারণ সভা পরিচলনায় কনফারেন্স রুম আধুনিকায়নের জন্য ৭.৫ লক্ষ টাকা, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গণশুনানী ও উপজেলা নৈতিকতা কমিটির প্রশিক্ষনের জন্য ২৫ হাজার টাকা, নিরাপদ সবজি গোয়ালগাদ্দা সীম উৎপাদন ও ভার্মি কম্পোষ্ট সার উৎপাদন বৃদ্ধির জন্য | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিশ্চিত করার জন্য আনুমানিক ৭.৫ লক্ষ টাকা ব্যয় হবে। এছাড়াও উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক আবেদিত (১) রপ্তানিযোগ্য সবজি গোয়ালগাদ্দা সীম উৎপাদনে জৈব বালাইনাশকের ব্যবহার বৃদ্ধিকল্পে রপ্তানী বৃদ্ধি ও নিরাপদ সবজি উৎপাদন উন্নিতকরণ (২) ভার্মি কম্পোষ্ট সার উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপজেলার বিভিন্ন ইউনিয়নে CIG মহিলা গ্রুপের মধ্যে প্রদর্শনী স্থাপন প্রকল্পদ্বয় কৃষি উৎপাদনে অসামান্য ভূমিকা রাখবে বলে প্রতিয়মান হওয়ায় পরিষদ অনুমোদন করতে পারেন। প্রতিটির জন ব্যয় হবে ১.৫ লক্ষ টাকা করে; যাহা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>তিনি আরো জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল এর আওতায় আপামর জনসাধারণের মধ্যে গণশুনানী এবং উপজেলা নৈতিকতা কমিটির প্রশিক্ষন প্রদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনা রয়েছে; যাহা বাস্তবায়নে আনুমানিক ২৫ হাজার টাকা ব্যয় হতে পারে।<br>সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, বাংলাদেশ সরকার ও জাইকার অর্থায়নে পরিচালিত স্থানীয় সরকার বিভাগের অধীনে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে উপজেলার বিভিন্ন কমিটি হতে মোট ১২টি সক্ষমতা বৃদ্ধিমূলক (প্রশিক্ষণ) উপ-প্রকল্প উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে (পিএসসি) প্রেরণ করে। প্রকল্প বাছাই কমিটি(পিএসসি) প্রকল্পগুলো জনগুরুত্বপূর্ণ বিবেচনায় যাচাই বাছাই করতঃ ০৬ (ছয়)টি উপ-প্রকল্প নির্বাচন করে। নির্বাচিত সক্ষমতা বৃদ্ধিমূলক (প্রশিক্ষণ) উপ-প্রকল্পগুলো অনুমোদনের জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় দাখিল করা হলো। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপ-প্রকল্প সমূহঃ ক) দূর্ঘটনা প্রতিরোধে সিএনজি চালকদের সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ, বরাদ্দঃ ১৮৩৫৩৮.০০টাকা। খ) টেঁকসই অবকাঠামো উন্নয়নে রাজমিস্ত্রি ও রডমিস্ত্রিদের পেশাগত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, বরাদ্দঃ ১৮৭০১৩.০০টাকা। গ) দূর্যোগের ক্ষয়ক্ষতি হ্রাসকল্পে স্কাউট ও কাব স্কাউটদের ভূমিকা বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ, বরাদ্দঃ ১৮৩৫৩৮.০০টাকা। ঘ) রপ্তানিযোগ্য গোয়ালগাদ্দা সীম চাষ বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ, বরাদ্দঃ ১৯৮০৮৩.০০টাকা। ঙ) কর্মচারীদের দূর্নীতি বিরোধী ও শুদ্ধচার জাগ্রতকরণ বিষয়ক প্রশিক্ষণ, বরাদ্দঃ ১২৭৭৪৩.০০টাকা। চ) সচেতনতা সৃষ্টির লক্ষে হোটেল মালিক ও কর্মচারীদের নিরাপদ খাবার ও স্যানিটেশন বিষয়ক প্রশিক্ষণ, বরাদ্দঃ ১৮৩৫৩৮.০০টাকা। সর্বমোট =১০৬৩৪৫৩.০০ টাকা (ভ্যাট ও ট্যাক্সসহ) | ৩.০০ লক্ষ টাকার ব্যয় পরিষদে জনগুরুত্ব পূর্ণ বিবেচিত হওয়ায় সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ইউজিডিপির প্রকল্পের ভ্যাট ট্যাক্সসহ ১০,৬৩৪৫৩.০০ (দশ লক্ষ তেষট্টি হাজার চারশত তেপান্ন) টাকার ০৬(ছয়) টি সক্ষমতা বৃদ্ধিমূলক (প্রশিক্ষণ) উপ-প্রকল্পগুলো সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান, ১২/১০/২০২১ ইং পর্যন্ত করোনা (COVID-19) সংক্রান্ত তথ্যাদি ঃ মোট নমুনা সংগ্রহ ঃ ৪৫৮৪ জন, মোট আক্রান্ত ঃ ১০৫৯ জন, মোট সুস্থ ১০৩৫ জন, মোট মৃত্যু ১৯ জন, বর্তমানে আইসোলেশন ০৫ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Verocell টিকা প্রদান : ৪৩০৭৪ জন, ২য় ডোজ Verocell টিকা প্রদান : ১৯১১২ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Astrazeneca : ৭২২০ জন, ২য় ডোজ Astrazeneca টিকা প্রদান : ৬৫০৭ জন। হাসপাতালে আসা রোগীকে মাস্ক ব্যবহারের প্রয়োজনীয়তা, স্বাস্থ্যবিধি ও অন্যান্য সচেতনতা মেনে চলার জন্য উদ্বুদ্ধ করি। তা ছাড়া করোনা পজিটিভ রোগীকে চিকিৎসা প্রদানসহ স্বাস্থ্যবিধি মেনে আইসোলেশন এ থাকার পরামর্শ প্রদান করা হয়। | কোভিড টিকা কমিটির সভা ও হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির আয়োজন সহ বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল |
| ২/৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে অনুরোধ করা হয় | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান |
| ২/৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, সেপ্টেম্বর / ২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ঃ ৪৯,০৫৯, পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ঃ ৩৮,৩০২, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার ঃ ৭৮.০৭%, গর্ভকালীন সেবা ৮৩৭ জন, প্রসব সেবা (এফডব্লিউসি) ৬৪ জন, গর্ভোত্তর সেবা ২৮৮ জন, শিশু সেবা ৫৩৫ জন, সাধারন রোগী ৩২৭৫ জন, মোট জীবিত জন্মের সংখ্যা ঃ ২০৬ জন, মোট মৃত্যুর সংখ্যা ঃ ৮৬ জন ছিল। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | পরিবার পরিকল্পনা মাঠ পর্যায়ে আরো গতিশীল রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৫ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৬ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মা ইলিশ সংরক্ষন অভিযান ২০২১, ৪/১০/২১ থেকে ২৫/১০/২১ খ্রিঃ পর্যন্ত চলমান থাকবে। এই সময়ের মধ্যে কোন ইলিশ মাছ ধরা, পরিবহন, ক্রয়, বিক্রয় সম্পূর্ন নিষেধ। উপজেলার বিভিন্ন মাছের বাজার এবং আড়তে লিফলেট বিতরন করা হয়। বাজার পরিদর্শন ও মনিটরিং অব্যাহত রয়েছে। কোথাও ইলিশ মাছ পাওয়া যায়নি। এছাড়া আমাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মা ইলিশ সংরক্ষন অভিযান সঠিকভাবে চলমান রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) সভায় জানান যে, অত্র দপ্তরের গবাদি পশুর চিকিৎসা ঃ ১৭৬৩ টি, হাঁস-মুরগী চিকিৎসা ঃ ৮২৬৭ টি, গবাদি পশুর টিকা প্রদান ঃ ৩৪৬৪ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান ১৫৯০০ মাত্রা, কৃত্রিম প্রজনন সম্প্রসারন ঃ ১০০ টি, উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ১ একর, উঠান বৈঠক আয়োজন ৫ টি । তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ১৮৩ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২ শিফটে শ্রেণী কার্যক্রম পরিচালিত হচ্ছে। শিখন ঘাটতি পূরনের লক্ষ্যে শিক্ষকগণ শিক্ষক/শিক্ষিকা নতুন লেসন প্ল্যানের অনুসরনে পাঠদান কার্যক্রম পরিচালনা করছেন । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ব্যানবেইস এস্টাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম প্রকল্প কর্তৃক শিক্ষার্থী তথ্য ছক বা ইউনিক আইডি সংক্রান্ত তথ্য গ্রহনের জন্য গোলাপগঞ্জ উপজেলার ৬৭ টি শিক্ষা প্রতিষ্টানের প্রতিষ্টান প্রধান ও একজন শিক্ষক মোট ০২ জন করে মোট ১৩৪ জন শিক্ষককে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ৪ টি ব্যাচের প্রশিক্ষন সম্পন্ন করা হয়েছে। বর্তমানে কার্যক্রম শুরু করা হচ্ছে। সকল সম্মানিত চেয়ারম্যান বৃন্দ ও সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা করা ও জন্ম নিবন্ধন ডিজিটাল বিষয়ে কোন সমস্যা হলে তাৎক্ষনিক সমাধানের জন্য অনুরোধ জানানো হলো। নভেম্বর ১৪ তারিখ থেকে এস.এস.সি পরীক্ষা শুরু হবে। সংশ্লিষ্ট কেন্দ্র সমূহের নিরাপত্তা ও সুষ্টভাবে পরীক্ষা গ্রহনের সার্বিক সহযোগীতা গ্রহন করার জন্য অনুরোধ করা হল। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন . | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে,প্রকল্প পরিচালক সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা মহোদয়ের দপ্তর স্মারক নং-৪৬.০৩.২৬২০.৪৪৫.১৪.০০১.২০.১৮২০ তারিখ ০৬.০৭.২০২১ খ্রিঃ মোতাবেক গোলাপগঞ্জ উপজেলা ইউনিয়ন প্রতি ২৬ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। বিধি মোতাবেক প্রতি ইউনিয়নে ১৩ টি (মোট বরাদ্দের ৫০%) পানির উৎস হতে ০৮ টি পানির উৎস ইউনিয়ন ওয়াটসন (WATSAN) কর্তৃক স্থান নির্বাচন করবে এবং অবশিষ্ট ০৫ টি পানির উৎস উপজেলা ওয়াটসন (WATSAN) কর্তৃক স্থান নির্বাচন করবে। এতে সকলের সহযোগিতা কামনা করা হয় | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন . | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারীপ্রকৌশলী(জনস্বাস্থ্য) ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি ২০২১-২২ চক্রের অক্টোবর / ২০২১ মাসের খাদ্যশস্য ছাড়পত্র (ডিও) দেয়া সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের বরাদ্দ প্রাপ্ত প্রতি ইউনিয়নে ০৭ জন করে সর্বমোট ৭৭ জন ভাতা ভোগীর নামের তালিকা পাওয়া গেছে। উপজেলা কমিটি কর্তৃক চুড়ান্ত অনুমোদন শেষে এমআইএস এ ডাটা এন্ট্রি করা সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে গোলাপগঞ্জ পৌরসভায় "কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" ভাতা কার্যক্রমের বরাদ্দ প্রাপ্ত ৫০ জন ভাতা ভোগীর বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। ডাটা এন্ট্রি কাজ চলমান আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে রাজস্ব খাতে অপ্রাতিষ্টানিক ভ্রাম্যামান প্রশিক্ষন ইতিমধ্যে শুরু হয়েছে। আগামী ১লা নভেম্বর জাতীয় যুব দিবসে যুব র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে উপস্থিত সকলের সহযোগীতা কামনা করেন। অন্যান্য সার্বিক যুব কার্যক্রম সুষ্ঠভাবে চলছে | চলমান বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে ১ম কিস্তির টাকার পেরোল আগামী ১৭/১০/২০২১ তারিখের মধ্যে প্রেরনের নির্দেশনা রয়েছে। তাই সম্মানিত ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানানো যাচ্ছে যে, যদি কোন উপকার ভোগী মৃত্যুবরন করে থাকেন তাহলে অতি দ্রুত প্রতিস্থাপনের জন্য অনুরোধ করা যাচ্ছে। যদি কোন উপকার ভোগী তার মোবাইল নাম্বার পরিবর্তন করতে চান তাহলে অতি দ্রুত সমাজসেবা অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ৩০৩ টি অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার বরাদ্দ এসেছে। অতি দ্রুত সময়ের মধ্যে তালিকা প্রেরন করার জন্য চেয়ারম্যান মহোদয়ের প্রতি বিশেষ অনুরোধ জানানো যাচ্ছে ' | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে ঋণ আদায় ২৭.০০ লক্ষ টাকা, ঋণ বিতরন ২৩.৭৫ লক্ষ টাকা। ৪০ জন সমবায়ীর ৩ দিনের প্রশিক্ষন সমাপ্ত হয়েছে। এ ছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অডিট যোগ্য(২০২০-২১) সমিতি ১৩২, সম্পাদন-৩৮ টি, সম্পাদনের বাকী ৯৪ টি। নির্বাচন যোগ্য সমিতি (২০২১-২২) ১৮ টি,নির্বাচন অনুষ্টান ০৫ টি, অনুষ্টানের বাকী ১৩ টি। | উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রমের | উপজেলা সমবায় কর্মকর্তা/ইউপি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সমিতি পরিদর্শন লক্ষ্যমাত্রা ৬০ টি, অর্জন ১৬ টি, বাকী ৪৪ টি। সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান লক্ষ্যমাত্রা ১৫০ জন, অর্জন ৩৬ জন, অর্জনের বাকী ১১৪ জন। । সমিতি নিবন্ধন (২০২১-২২) ২ টি। বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে চলছে | ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | চেয়ারম্যান (সকল)। |
| ২/১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অক্টোবর মাসের খাদ্য বান্ধব কর্মসূচী চলমান আছে। উল্লেখ্য যে, ২২৯৬ কার্ডের এই কার্যক্রম চলছে অর্থাৎ ২২৯৬ জন উপকারভোগী এই কার্যক্রমের আওতায় আছে। বিশেষ ওএমএস কার্যক্রম চলমান আছে। চারটি ওএমএস দোকান থেকে এ কার্যক্রম চলমান আছে। তাছাড়া দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা | আগামী সভায় আবশ্যিক ভাবে উপস্থিত থেকে বন বিভাগের মাসিক প্রতিবেদন প্রেরন এবং বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা বন কর্মকর্তা /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোলাপগঞ্জ জানান যে, অত্র শাখায় সেপ্টেম্বর/২১ মাসে ঋন বিতরন করা হয়েছে ৮০.৯০ লক্ষ টাকা এবং ক্রম পুঞ্জিত বিতরন ২৫৫৬.০৯ লক্ষ টাকা। অপরদিকে ঋন আদায় হয়েছে ৭২.৯৭ লক্ষ টাকা এবং ক্রম পুঞ্জিত ঋন আদায় ১৩৯৯.২৪ লক্ষ টাকা। তিনি আরও জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারী সচেষ্ট থাকবেন | পল্লী সঞ্চয় ব্যাংক কর্মক ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/১৯ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, স্বাভাবিক ভাবে প্রতি ১০ বছর অন্তর জন শুমারী হওয়ার কথা থাকলেও কোভিড-১৯ এর কারনে সময় পরিবর্তন করে অক্টোবর/২০২১ তারিখে শুমারী করার সিদ্ধান্ত হয়। মাঠ পর্যায়ে পূর্ণ প্রস্তুতি সম্পন্ন হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তে পুনরায় স্থগিত হয়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | পরিসংখ্যান কর্মকর্তা/ ইউ চেয়ারম্যান (সকল) |
| ২/২০ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সচেষ্ট থাকবেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ০৩। নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | | মেসার্স তাহসিন এন্টারপ্রাইজ এর অনুকূলে জামানত ফেরত বাবদ ৪৯৯১৩/- চেক প্রদান চেক নং ২১৩৪৪০৭ তাং ১/৯/২০২১। মেসার্স আনোয়ার হোসেন এর অনুকূলে জামানত ফেরত বাবদ ৭১,১০০/-চেক প্রদান চেক নং ২১৩৪৪০৮ তাং ১২/০৯/২১। মেসার্স দীপ্র এন্টার প্রাইজ এর অনুকূলে জামানত ফেরত বাবদ ২৯২৯৯/- চেক প্রদান চেক নং ২১৩৪৪০৯তাং১৬/০৯/২১। মেসার্স শিপলু এন্টারপ্রাইজের অনুকূলে জামানত ফেরত বাবদ ২৮১৫২/- চেক প্রদান চেক নং ০২২২৯০৬ তাং ১/৯/২১। জনাব রাজন পালের অনুকূলে আগষ্ট/২১ মাসের আনুষংগিক বিল বাবদ ৫০০০/- চেক প্রদান চেক নং ০২২২৯০৭ তাং১/৯/২১। মেসার্স তিসাম এন্টারপ্রাইজের জামানত ফেরত বাবদ ৫২০১০/- চেক প্রদান চেক নং ০২২২৯০৮ তাং১/৯/২১। জনাব রাজন পালের অনুকূলে টেলিফোন সেট ক্রয় বাবদ ২১০০/- চেক প্রদান চেক নং ০৫২৪৬৫১ তাং ২/৯/২১। ফাহিমা বেগম, মালীর আগষ্ট/২১ মাসের মজুরী বাবদ ১২৬৫০/- চেক প্রদান চেক নং ০৫২৪৬৫২ তাং ২/৯/২১। আব্দুল সোবহান পরিচ্ছন্নতা কর্মীর আগষ্ট/২১ | উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফি |

| | | | |
|---|---|---|---|
| • | মাসের ২১ দিনের মজুরী বাবদ ১১৫৫০/- চেক প্রদান চেক নং ০৫২৪৬৫৩ তাং ২/৯/২১ । জাতীয় শোক দিবস উদযাপনের ব্যয় বাবদ ১৭৮০০/- অর্থ উত্তোলন চেক নং ০৫২৪৬৫৪ তাং ৫/৯/২১ । ৯ জন ইউপি সচিবের জানুয়ারী/২১-জুন/২১ মাসের ইউপি অংশের ২৫% বেতন ভাতা বাবদ ৫৭০৪৩৪/ চেক প্রদান চেক নং ০৫২৪৬৫৫ তাং ৮/৯/২১ । | | |

সভাপতি জনাব ইকবাল আহমদ চৌধুরী গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফি[illegible] ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান । উপজেলার সার্বিক [illegible] ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি [illegible] ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরনের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন ।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(ইকবাল আহমদ চৌধুরী)
চেয়ারম্যান
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট জেলা ।

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৮৩৩

তারিখ ঃ ১৩/১০/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১ । মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার) ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ
০১ । সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২ । জেলা প্রশাসক, সিলেট ।
০৩ । চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট ।
০৪ । মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা ।
০৫ । নির্বাহী প্রকৌশলী, ---------------------------------- সিলেট ।
০৬ । উপজেলা --------------------------- অফিসার, গোলাপগঞ্জ ।
০৭ । চেয়ারম্যান------------------------------------ ইউ/পি (সকল), গোলাপগঞ্জ ।
০৮ । অফিস নথি/মাস্টার ফাই

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট ।

☎ ০৮২২৭-৫৬০৩১
ইমেইলঃunogolapganj@mopa

পরিশিষ্ট "ক " সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্রমিক | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধি বৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | নাজিরা বেগম শিলা,মহিলা ভাইসচেয়ারম্যান | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান , ০১ নং বাঘা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ১০ নং উত্তর বাদেপাশা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৫ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং-০২ | | স্বাক্ষরিত |
| ১৬ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং-০৩ | | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রকৌশলী,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা ,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৭ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩২ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৩ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৪ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০২ | উপজেলা কৃষি কর্মকর্তা,গোলাপগঞ্জ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোলাপগঞ্জ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৪ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |